



জরুরি
সীমিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
শৃঙ্খলা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০২৬.১৭.৪৮

তারিখ: ১৬ অগ্রহাষণ ১৪২৪

৩০ নভেম্বর ২০১৭

বিষয়: এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহ হতে চাকুরী সংক্রান্ত দন্ডদেশের আপীল
আবেদন অগ্রায়ন প্রসংগে।

উল্লিখিত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, The Government Servants (Discipline and Appeal) Rules, 1985 এর Part III: Appeals (Rules 16 হতে 22) - এর প্রাসংগিক (বিষয়োক্ত) সারমর্ম নিম্নরূপঃ

ক) প্রজাতন্ত্রের কর্মচারীগণ চাকুরি সংক্রান্ত যেকোনো দন্ডদেশের বিরুদ্ধে সংক্ষুদ্ধ হলে আদেশকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রণকারী বরাবর বা ক্ষেত্রমতে নিয়োগকারী সমীপে আদেশ পুনর্বিবেচনার জন্য আবেদন জানাতে পারেন;
খ) সংক্ষুদ্ধ হওয়ার আদেশ প্রাপ্তির ৩ মাসের মধ্যে আপীল দায়েরযোগ্য; তবে আপীল কর্তৃপক্ষ যুক্তিসংগত কারণে তা' বর্ধিত করতে পারেন;

গ) মার্জিত ভাষায় প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদিসহ বর্তমান বা সর্বশেষ অফিস প্রধান বরাবর আপীল আবেদন পেশ করতে হবে যাঁর একটি অগ্রিম কপি সরাসরি আপীল কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করা যেতে পারে;

ঘ) যে আদেশে সংক্ষুদ্ধ তাঁর আদেশকারী নিম্নলিখিত কারণে আপীল আবেদন আটকে রাখতে পারেন -

১) যে আদেশের কোনো আপীল হয়না;

২) নির্ধারিত সময়ে আপীল দাখিল করা হয়নি এবং বিলম্বের কারণ বিবৃত নয়;

৩) অনুচ্ছেদ (গ) এর সাথে অসংগতিপূর্ণ আপীল আবেদন;

৪) যে আপীলের বিষয়ে ইতমধ্যে সিদ্ধান্ত হওয়ার পর - ও একই আপীল সিদ্ধান্তকারী বরাবর সে সংক্রান্তে নতুন কোনো তথ্য-প্রমাণ ব্যতিত পুনরায় আপীল দায়েরকৃত।

কিন্তু শর্ত থাকে যে, আপীল আবেদন আটকে রাখার ক্ষেত্রে সেটি প্রাপ্তির ৭ দিনের মধ্যে আটকে রাখার কারণসহ আপীলকারীকে জানাতে হবে। আরো শর্ত থাকে যে, অনুচ্ছেদ (গ) - প্রতিপালনে ব্যর্থতার কারণে কোনো আপীল আবেদন আটকে রাখা হলে, আটক থাকার বিষয়টি অবগত হওয়ার ১ মাসের মধ্যে পুনঃআবেদন করা যেতে পারে এবং এক্ষেত্রে শর্তপূরণ হলে আবেদন আর কোনো অবস্থাতেই আটকে রাখা যাবেনা।

৫) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক আটকে রাখা আপীল আবেদন সংক্রান্তে কোনো আপীল দায়ের করা যাবেনা;

চ) আটকে রাখা আপীল সংক্রান্ত তথ্য আটকের কারণসহ ত্রৈমাসিকভিত্তিতে আপীলকারী বরাবর আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

ছ) প্রাপ্ত ও প্রেরণযোগ্য আপীলসমূহ প্রাপ্তির ৩ কর্মদিবসের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রাদি ও মতামত সহকারে আপীল কর্তৃপক্ষ বরাবর অগ্রগামী করতে হবে; এবং

জ) আপীলকারী কর্তৃপক্ষ আটকে রাখা যেকোনো আপীল তলব করলে আটককারী তাঁর মতামত ও প্রয়োজনীয় কাগজপত্র সহকারে আপীলটি অগ্রগামী করবেন।

লক্ষ্যনীয় যে, এ বিভাগে প্রাপ্ত বেশ কিছু পুরনো অগ্রিম আপীল আবেদন রয়েছে যেগুলো সংশ্লিষ্ট অধিদপ্তরে দাখিল করা হয়েছে কিনা তা এখনো জানা যায়নি। সংশ্লিষ্ট অধিদপ্তর হতে এ বিষয়ে কোনো মন্তব্য - ও পাওয়া যায়নি। ফলশ্রুতিতে, আপীল আবেদন বর্তমানে কি অবস্থায় আছে তা নির্ণয় করা যাচ্ছেনা। এমতাবস্থায়, বিভাগীয় মামলায় নিজ নিজ অধিক্ষেত্রে প্রাপ্ত আপীল আবেদন সংক্রান্তে বিধি - বিধান মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩০-১১-২০১৭

আনিসুল ইসলাম

সিনিয়র সহকারী সচিব

ইমেইল: discipline2@ssd.gov.bd

- ১) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
- ২) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।
- ৩) কারা মহাপরিদর্শক, কারা মহাপরিদর্শকের দপ্তর, কারা অধিদপ্তর।
- ৪) মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০২৬.১৭.৪৮/১(৭)

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৪

৩০ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) অতিরিক্ত সচিব, নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।
- ২) অতিরিক্ত সচিব, কারা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।
- ৩) অতিরিক্ত সচিব, অগ্নি অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।
- ৪) অতিরিক্ত সচিব, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ।
- ৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
- ৬) একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ।
- ৭) সিনিয়র সহকারী সচিব, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ; জনগুরুত্বপূর্ণ এ আদেশটি এ বিভাগের ওয়েবসাইট www.ssd.gov.bd - তে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৩০-১১-২০১৭

আনিসুল ইসলাম

সিনিয়র সহকারী সচিব